অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/21/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ফ্ল্যাটবুশে 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের অংশ হিসেবে নতুন সাশ্রয়ী আবাসন উন্নয়নের পরিকল্পনা ঘোষণা করেছেন

291- ইউনিটের অ্যাপার্টমেন্ট বিল্ডিংটি অন-সাইট সহায়ক সেবা প্রয়োজন এমন পরিবার এবং ব্যক্তিদের জন্য আবাসস্থল হবে

এই উন্নয়ন সেন্ট্রাল ব্রুকলিনে সাশ্রয়ী মূল্যের আবাসনে 4,000 ইউনিট তৈরির গভর্নরের প্রতিশ্রুতির একটি অংশ

চলমান কাজ দেখা যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ক্লার্কসন এস্টেটের জন্য পরিকল্পনা ঘোষণা করেছেন, যা ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের আওতায় সর্বশেষ চিত্তাকর্ষক প্রস্তাব যা ফ্ল্যাটবুশ এলাকায় 291 টি সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক অ্যাপার্টমেন্ট তৈরি করবে। 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভটি স্বাস্থ্যসেবা থেকে শুরু করে আবাসন পর্যন্ত আটটি সমন্বিত অঞ্চলে লক্ষ্য স্থির ও বিনিয়োগ করেছে যা ব্রুকলিনের উচ্চ চাহিদাসম্পন্ন কমিউনিটিগুলোর দীর্ঘস্থায়ী অর্থনৈতিক ও বর্ণগত বৈষম্য মোকাবেলায় একটি নতুন মান প্রতিষ্ঠা করেছে।

"এই মহামারী নিউ ইয়র্কবাসীদের জন্য উল্লেখযোগ্য ভোগান্তির সৃষ্টি করেছে তাই এটা আগের চেয়ে বেশী গুরুত্বপূর্ণ যে আমরা এই কঠিন সময়ে নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রাপ্যতা প্রসারিত করি," **গভর্নর কুওমো বলেন।** "এই প্রকল্পের ফলে প্রায় 300 নতুন সাশ্রয়ী এবং সহায়ক হাউজিং ইউনিট তৈরি হবে যা সেন্ট্রাল ব্রুকলিনে আমাদের শত শত বন্ধু এবং প্রতিবেশীকে সাহায্য করবে, এবং বর্তমানের এই অভূতপূর্ব চ্যালেঞ্জ মোকাবেলার সময়ে স্টেট যেসব নিউ ইয়র্কবাসীদের সহায়তা সবচেয়ে বেশি প্রয়োজন তাদের সহায়তা করার উপায় খুঁজে বের করা অব্যাহত রাখবে।"

ক্লার্কসন এস্টেট, যা ক্যাম্বা হাউজিং ভেঞ্চার্স দ্বারা নির্মিত হচ্ছে, পরিবার এবং ব্যক্তির জন্য 291 সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করবে এবং অর্ধেক অ্যাপার্টমেন্ট - 146 ইউনিট - ফস্টার কেয়ারে বড় হয়ে যাওয়া তরুণ, পূর্বে কারাবন্দী ব্যক্তি, এবং পূর্বে গৃহহীন তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য আলাদা করা হবে। ক্যাম্বা কর্তৃক প্রদত্ত অন-সাইট সহায়ক সেবা প্রকল্পের 30,000 বর্গ ফুট "হাব" এ অবস্থিত একটি বিস্তৃত নেটওয়ার্ক দ্বারা সম্পূরক করা হবে যা বৃহত্তর সম্প্রদায়ের জন্য উপলভ্য হবে।

কমিউনিটি হাবের অনেক সুবিধা জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে যা সম্প্রদায়ের সাথে যুক্ত হতে উৎসাহিত করতে সাহায্য করবে।

হাবে উপলভ্য সম্পদের মধ্যে রয়েছে:

- চাইল্ডকেয়ার সার্ভিস;
- হেল্থ স্ক্রিনিং সেন্টার;
- স্মল বিজনেস সার্ভিসেস ইনকিউবেটর এবং ওয়ার্কফোর্স ট্রেনিং;
- সহিংসতা প্রতিরোধ এবং মধ্যস্থতা কেন্দ্র;
- যুব শিক্ষা ও উন্নয়ন কেন্দ্র;
- প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র যা প্রাপ্তবয়স্ক শিক্ষা এবং আর্থিক সাক্ষরতা ক্লাস অন্তর্ভুক্ত করে;
- রেকর্ডিং এবং রিহার্সাল স্টুডিও, এবং পারফর্মেন্স স্পেস;
- সাধারণ সম্প্রদায়ের ব্যবহার এবং প্রবেশাধিকার, প্রতিযোগিতামূলক বাস্কেটবল লিগ, এবং কমিউনিটি ইভেন্টের জন্য পূর্ণ আকারের বাস্কেটবল কোর্ট;
- ফুড প্যান্ট্রি এবং ক্যাফে; এবং
- ডিজাইন স্টুডিও এবং প্রদর্শনী স্পেস

হাবটি ডঃ রয় এ. হাস্টিকের স্মৃতিতে উৎসর্গিত এবং তাঁর নামে নামকরণ করা হবে, যিনি একজন প্রতিভাবান, দয়ালু এবং দূরদৃষ্টিসম্পন্ন ব্যবসায়িক নেতা ছিলেন, যিনি এপ্রিল মাসে COVID-19 এ আক্রান্ত হয়ে মারা গেছেন। ডঃ হাস্টিক ব্রুকলিন এবং ক্যারিবিয়ান প্রবাসীদের স্বাস্থ্যের জন্য তার সময় উৎসর্গ করেন, ক্যারিবিয়ান আমেরিকান চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ইনকর্পোরেটেড (Caribbean American Chamber of Commerce and Industry, Inc., CACCI) প্রতিষ্ঠা করেন এবং সম্প্রদায়ের সুবিধার্থে 600টিরও বেশি ছোট ব্যবসায়িক সেমিনারের আয়োজন করেন।

হাস্টিক পরিবার বলেছে, "ডঃ রয় এ. হাস্টিক সিনিয়র, একজন মহান জ্ঞানী ব্যক্তি ছিলেন, যার দান করার চেতনা এবং অন্যদের সাহায্য করার আহ্বান ছিল। তিনি যা কিছু সৃষ্টি করেছেন এবং বাস্তবায়ন করেছেন তা সবসময় তার সম্প্রদায়ের অগ্রগতির জন্য। কোন মুহূর্তে তিনি যেখানেই ছিলেন সেখানেই তার সম্প্রদায় ছিল। এটা উপযুক্ত যে এই আন্তঃপ্রজন্মের কমিউনিটি হাব তার নাম বহন করবে। এটা আমাদের পরিবারের আশা যে এই প্রকল্প থেকে উপকৃত প্রত্যেক ব্যক্তি একই গুণাবলী গ্রহণ করবে এবং আমাদের সম্প্রদায়কে সাহায্য করবে যা এটিকে আরো ভালো করতে সাহায্য করবে। গভর্নর অ্যান্ড্রু কুওমো, কমিশনার/প্রধান নির্বাহী কর্মকর্তা রুথঅ্যান ভিসনাউস্কাস, অ্যাসেম্বলিওম্যান ডায়ানা রিচার্ডসন, সিনেটর জেলনর মাইরি এবং ফ্ল্যাটবুশ সম্প্রদায়কে ধন্যবাদ আমাদের প্রিয় স্বামী, বাবা এবং সম্প্রদায়ের নেতার জীবন, কাজ এবং অবদান স্মরণ করার জন্য।"

ক্লার্কসন এস্টেট "সাইট এল" নামের একটি পার্সেলের উপর নির্মিত হবে যা বর্তমানে ব্রুকলিন ফাউন্ডেশনের হেল্থ সায়েন্স সেন্টারের মালিকানাধীন একটি ভূমি। এই ভবনে একটি ভূগর্ভস্থ পার্কিং

গ্যারেজ থাকবে যেখানে ৪0টি পার্কিং স্পেস থাকবে যা বাসিন্দা এবং লোকজন যারা হাব এর কমিউনিটি সুবিধা ব্যবহার করছেন তারা ব্যবহার করতে পারবেন।

বাসিন্দাদের জন্য অন-সাইট সুবিধার মধ্যে থাকবে লন্ড্রি রুম, সহায়ক সেবা এবং কেস ম্যানেজমেন্ট স্পেস, ফিটনেস রুম, একটি প্রশিক্ষণ রান্নাঘর, লাইব্রেরি, কম্পিউটার রুম, বাইক স্টোরেজ, এবং একটি কমিউনিটি রুম। উপরন্তু, বাসিন্দাদের জন্য তাজা ফল এবং শাকসবজি রেখে যাওয়ার জন্য একটি কমিউনিটি সাপোর্টেড এগ্রিকালচার (CSA) ড্রপ অফ পয়েন্ট এবং নার্সদের পরিদর্শন এবং স্বাস্থ্য পরীক্ষা প্রদানের জন্য একটি হেল্থ অ্যান্ড হোমস স্ক্রিনিং সেন্টার থাকবে।

উপরন্তু, ক্লার্কসন এস্টেট এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজ সার্টিফিকেট এর জন্য যোগ্য, এবং ক্লাইমেট বন্ড ইনিশিয়েটিভের প্রয়োজনীয়তা পূরণ করতে এনার্জি স্টার মাল্টিফ্যামিলি হাই রাইজ প্রোগ্রামের মান পূরণ করে। প্রকল্পের সবুজ ছাদ এবং সৌর প্যানেল সম্প্রদায় এবং ব্যক্তিগত স্বাস্থ্যে অবদান রাখে। বাসিন্দা ও দর্শনার্থীদের বিনামূল্যে Wi-Fi সুবিধা প্রদান করা হবে যা সেন্ট্রাল ব্রুকলিনজুড়ে ইন্টারনেটের অ্যাক্সেস বাড়ানোর জন্য ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের প্রতিশ্রুতির একটি হলমার্ক।

কমপ্লেক্সের সক্রিয় নকশা উপাদানে বাগানের জন্য আউটডোর স্থান, শিশুদের খেলার এলাকা, এবং নিষ্ক্রিয় বিনোদন এবং সেই সাথে আউটডোর ফিটনেস প্রোগ্রামিং অন্তর্ভুক্ত। পুরো বিল্ডিং জুড়ে পূর্ণ দৈর্ঘ্যের জানালা এবং গ্লেজিং সাধারণ এলাকায় আলো আনবে, এবং শিল্প এবং রঙ সিঁড়ি ঘর উন্নত করার মাধ্যমে বাসিন্দাদের ব্যায়াম করতে উৎসাহিত করবে। ভবনের নিচ তলার পিছন দিকের বাইরের জায়গায় একটি প্রাকৃতিক উঠান অন্তর্ভুক্ত করা হবে যেখানে একটি শান্তি বাগান, একটি কাঠের হাঁটার জায়গা, একটি টার্ফ মাঠ, সাম্প্রদায়িক বসার জায়গা, এবং একটি শিশুদের খেলার এলাকা অন্তর্ভুক্ত করা হবে।

ছাদের ট্যারেস এবং কমিউনিটি বাগানে সাম্প্রদায়িক সমাবেশ এবং বাগান করার জন্য জায়গা থাকবে। ভবনটিতে রাস্তা বরাবর গাছ লাগানো এবং বসার ব্যবস্থা করা এবং পথচারীদের হাঁটার পথ সক্রিয় করার জন্য ধাপে ধাপে তিন ফুটের খাঁজ রয়েছে। সর্বত্র গাছ লাগানো হবে।

আজকের ঘোষণা গভর্নর এর আগে ঘোষিত সাতটি বিজয়ী প্রস্তাবের সাথে যোগ করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "ক্লার্কসন এস্টেট একটি সত্যিকারের রোমাঞ্চকর প্রকল্প যা 291টি সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং 30,000 বর্গফুটের বিশাল ওয়ান স্টপ প্রতিবেশী সম্পদ কেন্দ্র ফ্ল্যাটবুশ সম্প্রদায়ের কাছে নিয়ে আসবে। ক্যামবা কর্তৃক প্রস্তাবিত অন-সাইট সহায়ক সেবা 146টি গৃহহীন হয়ে পড়ার ঝুঁকিতে থাকা পরিবারকে তাদের নিজস্ব ভবনের ভেতরে স্বাস্থ্যসেবা, চাকরির প্রশিক্ষণ এবং চাইল্ডকেয়ার পেতে সাহায্য করবে। COVID-19 মহামারীর ফলে চলমান ধ্বংসের মধ্যে, আমরা গভর্নর কুওমো, আমাদের নির্বাচিত কর্মকর্তা এবং অংশীদারদের কাছে কৃতজ্ঞ এই প্রকল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যা সেন্ট্রাল ব্রুকলিনের সম্পদের ব্যবধান মেটাতে সাহায্য করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "ক্লার্কসন এস্টেটের কমিউনিটি হাবে প্রদত্ত কর্মসংস্থানের সুযোগ এবং আর্থিক সাক্ষরতা উদ্যোগ শুধুমাত্র কমিউনিটি ভিত্তিক অর্থনৈতিক উন্নয়ন কৌশলের প্রতি গভর্নর কুওমো অঙ্গীকারকে প্রতিফলিত করে না, একই সাথে ডঃ রয় হাস্টিককে সম্মান জানাবে এবং নিশ্চিত করবে যে তাঁর নিবেদিত ব্রুকলিন সম্প্রদায়ের মধ্যে তাঁর কাজ বেঁচে থাকবে।"

সিনেটর জেলনর মিরি বলেন, "আমাদের সম্প্রদায়, বিশেষ করে আমার জেলার উপর COVID এর প্রভাব অনেক বেশি বাসিন্দাদের সংগ্রামকে কঠিন করে তুলেছে- যেমন আবাসন, স্বাস্থ্য সেবা, সামাজিক সেবা এবং বাণিজ্য এবং বিনোদন প্রাপ্যতা। ক্লার্কসন এস্টেট আমাদের সবচেয়ে অসহায় নাগরিকদের এই মহামারী থেকে আরোগ্য লাভ করতে এবং সেন্ট্রাল ব্রুকলিনের জন্য প্রজন্মগত পরিবর্তন তৈরি করতে সাহায্য করবে। আমি গভর্নর কুওমো, কমিশনার ভিসনাউস্কাস এবং HCR-এ তার দল, এবং আমাদের অনেক সহযোগী যারা এই প্রকল্পকে বাস্তবে পরিণত করছে তাদের ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য ডায়ানা রিচার্ডসন বলেন, "সেন্ট্রাল ব্রুকলিনে আমরা সবচেয়ে গুরুত্বপূর্ণ যেসব চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছি তার একটি হচ্ছে আমাদের বাসিন্দাদের নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের আবাসন প্রাপ্যতা নিশ্চিত করা। COVID সংকট আমাদের সম্প্রদায়কে সবচেয়ে বেশি আঘাত করেছে এবং আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা এবং সামাজিক সুরক্ষা নেটে বিদ্যমান বৈষম্যকে উন্মুক্ত করে দিয়েছে। ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভ ক্লার্কসন এস্টেটের মত সাশ্রয়ী এবং টেকসই উন্নয়ন তৈরি করে এই পদ্ধতিগত বিষয়গুলো সমাধান করতে চায়। এই প্রকল্পটি অনন্য কারণ আমরা শুধুমাত্র আমাদের সম্প্রদায়ের জন্য মরিয়াভাবে প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের আবাসনই নয়, অত্যাধুনিক কমিউনিটি সুবিধার নিয়ে আসবো। ডঃ রয় এ. হাস্টিক সিনিয়র কমিউনিটি হাব চাইল্ডকেয়ার, কর্মী উন্নয়ন, এবং একটি ছোট ব্যবসায়িক ইনকিউবেটর সহ অনেক সেবা প্রদান করবে। আমি HCR-এর কমিশনার ভিসনাউস্কাস এবং তার দলকে ধন্যবাদ জানাতে চাই তাদের পরিশ্রমী কাজের জন্য এবং সবচেয়ে বেশি ধন্যবাদ জানাতে চাই 43 তম অ্যাসেম্বলি ডিসট্রিক্টের বাসিন্দারা এই প্রক্রিয়া জুড়ে তাদের ইনপুট এবং সমর্থনের জন্য। গভর্নর কুওমোর সাথে আমাদের অংশীদারিত্ব একটি যুগান্তকারী প্রকল্প তৈরি করবে যা দশকের পর দশক ধরে আমাদের সম্প্রদায়ের উপর দীর্ঘস্থায়ী প্রভাব ফেলবে।"

জোঅ্যান এম. ওপ্লাসটিল, ক্যাম্বা/ক্যাম্বা হাউজিং ভেঞ্চার্স, ইনকর্পোরেটেড এর প্রেসিডেন্ট/প্রধান নির্বাহী কর্মকর্তা, বলেন, "ক্যাম্বা হাউজিং ভেঞ্চার্স, ইনকর্পোরেটেড এবং ক্যাম্বা, ইনকর্পোরেটেড ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের দ্বিতীয় রাউন্ডের অংশ হিসেবে সাইট এল/329 ক্লার্কসন এভিনিউ পুরস্কৃত হওয়ার জন্য সম্মানিত এবং কৃতজ্ঞ। স্বাস্থ্যসেবা প্রাপ্যতা, স্থায়ীভাবে সাশ্রয়ী মূল্যের আবাসন, স্থানীয় খাদ্য এবং বাইরের জায়গার জন্য কমিউনিটির সম্প্রসারিত বিকল্পের প্রয়োজন কখনোই এরচেয়ে বেশি স্পষ্ট হয়নি। এই উন্নয়নের স্বপ্ন হচ্ছে ন্যায্য আবাসন সুযোগ তৈরি করা যা ফ্ল্যাটবুশের জন্য আরো ন্যায্য ভবিষ্যৎ তৈরি করবে। আবাসন স্থিতিশীলতার জন্য মৌলিক এবং এই টেকসই,

সাশ্রয়ী এবং সহায়ক উন্নয়নের মাধ্যমে, উন্নত ভবিষ্যতের জন্য সম্প্রদায়কে উন্নত সম্পদ প্রদান করা আমাদের লক্ষ্য।"

সেন্ট্রাল ব্রুকলিনকে পুনরুজ্জীবিতকরণ

সেন্ট্রাল ব্রুকলিন নিউ ইয়র্ক স্টেটের সব থেকে বেশি অনুন্নত এলাকার একটি। বাসিন্দাদের স্বাস্থ্য সমস্যার তুলনামূলকভাবে উচ্চতর হারের অভিজ্ঞতা; স্বাস্থ্যকর খাবার বা শারীরিক কার্যকলাপের সুযোগগুলিতে সীমিত অ্যাক্সেস এবং হিংসা ও অপরাধের উচ্চ মাত্রা। এছাড়াও সেন্ট্রাল ব্রুকলিন বেকারত্ব, উচ্চ দারিদ্র্য হার এবং উচ্চ মানের স্বাস্থ্য পরিষেবায় অপর্যাপ্ত অ্যাক্সেসের কারণে বৃহৎ আকারের অর্থনৈতিক বৈষম্যের শিকার।

আজকের ঘোষণাটি 2018 সালের নভেম্বরে, 2019 সালের ডিসেম্বর এবং 2020 সালের জানুয়ারিতে গভর্নর কর্তৃক ঘোষিত ছয়টি বিজয়ী প্রস্তাবগুলিতে যুক্ত করে। একসাথে, এই উন্নয়ন সেন্ট্রাল ব্রুকলিনে 4,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরির জন্য ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের প্রতিশ্রুতিকে এগিয়ে নিয়ে যাবে। প্রতিটি বিজয়ী প্রস্তাব সামাজিক, চিকিৎসা ও কমিউনিটি সেবা; বিনোদনমূলক ও শিক্ষামূলক সুযোগ এবং উন্নয়নমূলক প্রতিবন্ধীদের জন্য সহায়ক পরিষেবাগুলি, দেখাশোনা যত্নের বাইরে বয়স্ক ব্যক্তি ও দীর্ঘদিন ধরে গৃহহীন পরিবারের জন্য অ্যাপার্টমেন্ট ও সহায়ক সেবা পরিষেবাগুলি অন্তর্ভুক্ত করে।

ভিটাল ব্রুকলিন ইনিশিয়েটিভের পরিচিতি

গভর্নর ব্রুকলিনের বাসিন্দাদের উপর প্রভাব বিস্তার করে এমন বৈষম্যের বিষয়টিকে সমাধান করার জন্য এবং ব্রুকলিনের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটির উন্নয়ন এবং সুস্থতার জন্য একটি নতুন মডেল তৈরি করতে 2017 সালের বসন্তে ভাইটাল ব্রুকলিন ইনিশিয়েটিভে চালু করেছিলেন।

এরপর গভর্নর সেন্ট্রাল ব্রুকলিনের প্রতিটি অ্যাসেম্বলি সদস্যকে এই বিকল্পগুলি মূল্যায়ন করার জন্য এবং তাদের ডিস্ট্রিক্টের নিজস্ব চাহিদা এবং সুযোগ সুবিধা বিবেচনা করার জন্য- কমিউনিটি নেতৃবৃন্দ, স্থানীয় বিশেষজ্ঞ, আইনজীবী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল (Community Advisory Council) গঠনের দায়িত্ব প্রদান করেন। সেন্ট্রাল ব্রুকলিনের অংশগুলির প্রতিনিধিত্বকারী স্টেট সিনেটরগণও প্রক্রিয়াটিতে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। মোট 25টি কমিউনিটি মিটিং প্রায় 100টি মূল কমিউনিটির স্টেকহোল্ডারদের একত্রে করেছিল।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন